ডেঙ্গুতে ঢাকা ও বরিশালে দুইজনের মৃত্যু

এডিস মশাবাহিত ডেঙ্গু রোগে রাজধানী ঢাকা ও বরিশালে দুইজনের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার ভোর এবং সকালে মারা যান তারা। খবর ইউএনবির

ঢাকায় মারা যাওয়া গিয়াস উদ্দিন (৪০) চাঁদপুরের আব্দুল আওয়ালের ছেলে ও বরিশালে মারা যাওয়া মুনির হোসেন (৩৮) শাহজাহান মিয়ার ছেলে।

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল পুলিশ ফাঁড়ির পরিদর্শক বাচ্চু মিয়া জানান, রাজধানীর পোস্তাগোলা এলাকার বাসিন্দা গিয়াস জ্বর নিয়ে বুধবার রাত ১১টার দিকে হাসপাতালে ভর্তি হন।

তিনি জানান, পরে হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে স্থানান্তর করা হলে বৃহস্পতিবার সকাল সাড়ে ৬টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মৃত গিয়াসের বড় ভাই জাহাঙ্গীর জানান, তার ভাই একজন ব্যবসায়ী এবং তিন সন্তানের জনক।

এদিকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ভোরে মুনির হোসেন নামে এক ব্যক্তি মারা যান। তিনি মুনির মেহেন্দিগঞ্জ উপজেলার রুকন্দি গ্রামের শাহজাহান মিয়ার ছেলে।

হাসপাতালের পরিচালক ডা. বাকির হোসেন জানান, ডেঙ্গু জ্বর নিয়ে গত ১৮ আগস্ট হাসপাতালে ভর্তি হয়েছিলেন মুনির। ভোর ৫টার দিকে তার মৃত্যু হয়।